# বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন

চিনিশিল্প ভবন, ৩ নং দিলকুশা বাণিজ্যিক/এলাকা,ঢাকা-১০০০

## মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত প্রতিশ্রুতি এবং বাস্তবায়ন সংক্রান্ত তথ্য

মন্ত্রণালয়: শিল্প মন্ত্রণালয়

মাস: অক্টোবর, ২০১৫

| ক্রমিক নম্বর | মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি / নির্দেশনা | প্রতিশ্রুতি / নির্দেশনা কত তারিখ কোন সভায় দিয়েছেন | প্রতিশ্রুতি / নির্দেশনা বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত সংস্থা | হার (%)সহ প্রতিশ্রুতি / নির্দেশনা বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা ও অগ্রগতি | সমাপ্তির সম্ভাব্য সময় | প্রতিশ্রুতি / নির্দেশনা বাস্তবায়নে কোন প্রতিবন্ধকতা/ সমস্যা যদি থাকে | সমাধানের সম্ভাব্য প্রস্তাব |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১৫। | **(প্রকল্প)**<br>বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশনের ৪টি উন্নয়ন প্রকল্প: প্রকল্পসমূহের যৌক্তিকতার বিষয়ে শিল্প মন্ত্রণালয় পরিকল্পনা মন্ত্রণালয়ের সাথে আলোচনা করে দ্রুত প্রকল্প গ্রহণের ব্যবস্থা নিবে।<br>(ক) চিনিকলসমূহের উৎপাদন ক্ষমতা অব্যাহত রাখার লক্ষ্যে ০৭ (সাত) টি চিনিকলের পুরাতন সেন্টিফিউগাল মেশিন প্রতিস্থাপন করতে হবে। | ১২-০৪-২০০৯ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী শিল্প মন্ত্রণালয়ের কার্যক্রম পর্যালোচনাকালে দিক নির্দেশনা প্রদান করেন। | বিএসএফআইসি | প্রাক্কলিত ব্যয় : ১২৩৭.৭১ লক্ষ টাকা।<br>পরিকল্পনা কমিশনের অনুমোদনের তারিখ : ২৫-১০-২০০৯<br>ডিপিপি সংশোধিত বিবরণ (যদি থাকে) : প্রযোজ্য নয়।<br>সংশোধিত প্রাক্কলনের বিবরণ (যদি থাকে) : প্রযোজ্য নয়।<br>অগ্রগতির বর্ণনা : প্রকল্পটির বাস্তবায়ন ৩০জুন ২০১১ সমাপ্ত হয়েছে ।<br>ব্যয়ের পরিমাণ : ৭১১.৭০ লক্ষ টাকা প্রকৃত ব্যয়ে সমাপ্ত হয়েছে ।<br>অগ্রগতির হার : ১০০% | বাস্তবায়িত (৩০ জুন ২০১১) | - | - |
| ১৬। | **(প্রকল্প)**<br>(খ) বিএমআর অব ফরিদপুর সুগার মিলস লি. (২য় সংশোধিত) | ১২-০৪-২০০৯ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী শিল্প মন্ত্রণালয়ের কার্যক্রম পর্যালোচনাকালে দিক নির্দেশনা প্রদান করেন। | বিএসএফআইসি | প্রাক্কলিত ব্যয় : ক) মূল: ২১৬০.৫৭ লক্ষ টাকা । খ) ১ম সংশোধিত : ১৯৯০.৩৪ লক্ষ টাকা। গ) ২য় সংশোধিত : ২৫৮৩.৭৪ লক্ষ টাকা<br>পরিকল্পনা কমিশনের অনুমোদনের তারিখ : ক) মূল: ১০-১১-২০০৯ খ) ১ম সংশোধিত : ১৪-০৬-২০১১ গ) ২য় সংশোধিত : ১৭-০৯-২০১২<br>ডিপিপি সংশোধিত বিবরণ (যদি থাকে) : ডিপিপি ২ দফা সংশোধন করা হয়েছে।<br>সংশধিত প্রাক্কলনের বিবরণ (যদি থাকে) : ১ম দফা সংশোধনে প্রকল্প ব্যয় ১৯৯০.৩৪ লক্ষ টাকার স্থলে ২১৬০.৫৭ লক্ষ টাকায় এবং ২য় দফা সংশোধনে ২৫৮৩.৭৪ লক্ষ টাকায় বৃদ্ধি পায়।<br>অগ্রগতির বর্ণনা : প্রকল্পটির বাস্তবায়ন ৩০ জুন ২০১৩ সমাপ্ত হয়েছে<br>এ পর্যন্ত ব্যয়ের পরিমাণ : খসড়া পিসিআর অনুযায়ী ২৪৭৬.৭৫ লক্ষ টাকা ব্যয়ে প্রকল্প সমাপ্ত হয়েছে। চূড়ান্ত পিসিআর-এ ব্যয় কমবেশি হতে পারে।<br>অগ্রগতির হার : ১০০% | প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) প্রণয়নের কাজ চূড়ান্ত পর্যায়ে রয়েছে। | - | - |

চলমান পাতা/২

| ক্রম | মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি /নির্দেশনা | প্রতিশ্রুতি / নির্দেশনা কত তারিখ কোন সভায় দিয়েছেন | প্রতিশ্রুতি / নির্দেশনা বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত সংস্থা | হার (%)সহ প্রতিশ্রুতি / নির্দেশনা বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা ও অগ্রগতি | সমাপ্তির সম্ভাব্য সময় | প্রতিশ্রুতি / নির্দেশনা বাস্তবায়নে কোন প্রতিবন্ধকতা/ সমস্যা যদি থাকে | সমাধানের সম্ভাব্য প্রস্তাব |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১৭ | **(প্রকল্প)**<br>(গ) কেরুজ সুগার মিলস (ডিস্টিলারিতে) প্রেসমাড হতে অরগানিক জৈবসার উৎপাদন প্লান্ট স্থাপন প্রকল্প । | ১২-০৪-২০০৯ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী শিল্প মন্ত্রণালয়ের কার্যক্রম পর্যালোচনাকালে দিকনিদেশনা প্রদান করেছেন। | বিএসএফআইসি | প্রাক্কলিত ব্যয় : ক) মূল: ৪৬৮.৬১ লক্ষ টাকা ।<br>খ) ১ম সংশোধিত : ৬৫৪.০৮ লক্ষ টাকা।<br>গ) ২য় সংশোধিত : ৭২৪.৬৫ লক্ষ টাকা<br>পরিকল্পনা কমিশনের অনুমোদনের তারিখ : ক) মূল: ১১-১১-২০০৯<br>খ) ১ম সংশোধিত : ১৩-১২-২০১১<br>গ) ২য় সংশোধিত : ১৭-০৯-২০১২<br>ডিপিপি সংশোধনের বিবরণ (যদি থাকে) : ডিপিপি ২ দফা সংশোধন করা হয়েছে।<br>সংশোধিত প্রাক্কলনের বিবরণ (যদি থাকে) : ১ম দফা সংশোধনে প্রকল্প ব্যয় ৪৬৮.৬১ লক্ষ টাকার স্থলে ৬৫৪.০৮ লক্ষ টাকায় এবং ২য় দফা সংশোধনে ৭২৪.৬৫ লক্ষ টাকায় বৃদ্ধি পায়।<br>অগ্রগতির বর্ণনা : প্রকল্পটির বাস্তবায়ন ৩১ ডিসেম্বর ২০১২ সমাপ্ত হয়েছে<br>ব্যয়ের পরিমাণ : ৭১৯.১৩ লক্ষ টাকা প্রকৃত ব্যয়ে সমাপ্ত হয়েছে ।<br>অগ্রগতির হার : ১০০% | ডিসেম্বর ২০১২ তে সমাপ্ত হয়েছে। বর্তমানে বাণিজ্যিক ভাবে জৈবসার উৎপাদনের কাজ চলছে। | - | - |
| ১৮ | **(প্রকল্প)**<br>(ঘ) বিভিন্ন চিনিকলের জন্য পাওয়ার টারবাইন, ডিজেল জেনারেটর ও বয়লার প্রতিস্হাপন প্রকল্প। | ১২-০৪-২০০৯ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী শিল্প মন্ত্রণালয়ের কার্যক্রম পর্যালোচনাকালে দিকনির্দেশনা প্রদান করেন। | বিএসএফআইসি | প্রাক্কলিত ব্যয় : ৪৩৬২.১৭ লক্ষ টাকা ।<br>পরিকল্পনা কমিশনের/ শিল্প মন্ত্রণালয়ের অনুমোদনের তারিখ : ক) মূল: ০৯-০৯-২০১০<br>খ) ১ম সংশোধিত : ০৯-০৯-২০১২<br>গ) ২য় সংশোধিত : ১৬-০৯-২০১৩<br>ঘ) ৩য় সংশোধিত : ২২-০৬-২০১৪<br>ডিপিপি সংশোধিত বিবরণ (যদি থাকে) : ব্যয়বৃদ্ধি ব্যতিরেকে বাস্তবায়ন মেয়াদ ৩দফা বৃদ্ধি করা হয়েছে যা ওপরে উল্লেখ রয়েছে।<br>সংশোধিত প্রাক্কলনের বিবরণ (যদি থাকে) : প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ ৩ দফা বৃদ্ধি করা হলেও ব্যয় বৃদ্ধি পায় নাই। ।<br>জুন ২০১৫ পর্যন্ত ব্যয়ের পরিমাণ : ৩৭০০.০০ লক্ষ টাকা ।<br>অগ্রগতির হার : ক) আর্থিক: ৩৭০০.০০ লক্ষ টাকা যা প্রকল্প ব্যয়ের ৮৪.৮২%<br>খ) বাস্তব: ডিজেল জেনারেটর ১০০%, বয়লার ৯৩%, পাওয়ার টারবাইন ১০০%। | জুন ২০১৫ | (ক) জয়পুরহাট চিনিকলের বয়লারের রিফ্রাক্টরি বাইন্ডারসমূহের গুনাগুন নষ্টের কারনে নির্ধারিত সময়ে রিফ্রাক্টরি কাজ সম্পন্ন না হওয়ায় এবং পাবনা চিনিকলের টারবাইনের ট্রায়াল-রান সম্পন্ন না হওয়ায় বাস্তবায়ন মেয়াদ জুন ২০১৬ পর্যন্ত বৃদ্ধি করা প্রয়োজন ।<br>(খ) প্রকল্পটি ২০১৫-২০১৬ আরএডিপি তে অন্তর্ভুক্তি এবং অর্থ বরাদ্দ প্রয়োজন । | (ক) ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ জুন ২০১৬ পর্যন্ত বৃদ্ধির জন্য আন্তঃমন্ত্রণালয় সভায় সিদ্ধান্ত হয়। সে অনুযায়ী পরিকল্পনা কমিশনে প্রস্তাব প্রেরীত হয়েছে।<br>(খ) আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত অনুযায়ী ২০১৫-২০১৬ আরএডিপি তে অন্তর্ভুক্তি এবং অর্থ বরাদ্দের জন্য শিল্প মন্ত্রণালয়ে পত্র প্রেরীত হয়েছে। |



চলমান পাতা/৩

| ক্রমিক নম্বর | মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি / নির্দেশনা | প্রতিশ্রুতি / নির্দেশনা কত তারিখ কোন সভায় দিয়েছেন | প্রতিশ্রুতি / নির্দেশনা বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত সংস্থা | হার (%)সহ প্রতিশ্রুতি / নির্দেশনা বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা ও অগ্রগতি | সমাপ্তির সম্ভাব্য সময় | প্রতিশ্রুতি / নির্দেশনা বাস্তবায়নে কোন প্রতিবন্ধকতা/ সমস্যা যদি থাকে | সমাধানের সম্ভাব্য প্রস্তাব |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ৩৫ | **(প্রকল্প)**<br>চিনিকলের পাওয়ার জেনারেশন:<br>চিনিকলগুলোর জেনারেটরে আখ মাড়াই মৌসুম ব্যতীত অন্য সময়ে যাতে বিদ্যুৎ উৎপাদন করতে পারে এবং উৎপাদিত বিদ্যুৎ জাতীয় গ্রিডে সরবরাহ করতে পারে সে বিষয়ে বিএসএফআইসি বিদ্যুৎ বিভাগের সাথে পরামর্শ করে প্রয়োজনীয় ব্যবস্থা নিবে।<br>র-সুগার আমদানি:<br>শিল্প মন্ত্রণালয় র-সুগার আমদানি এবং চিনিকলে তা রিফাইন করার বিষয়ে সম্ভাব্যতা যাচাই করে দেখবে। | ১২-০৪-২০০৯ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী শিল্প মন্ত্রণালয়ের কার্যক্রম পর্যালোচনাকালে দিকনির্দেশনা প্রদান করেছেন। | বিএসএফআইসি | নর্থবেঙ্গাল চিনিকলে কো-জেনারেশন পদ্ধতিতে বিদ্যুৎ উৎপাদন ও সুগার রিফাইনারি স্থাপন শীর্ষক প্রকল্পটি বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পের 'প্রজেক্ট ইঞ্জিনিয়ারিং' কাজের জন্য পরামর্শক প্রতিষ্ঠান Sosam Sugar Consultants, India এর সাথে চুক্তিপত্র স্বাক্ষরিত হয়। পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক প্রেরিত প্রতিবেদনের ওপর পর্যালোচনা কমিটি কর্তৃক মূল্যায়ন শেষে কতিপয় সুপারিশ সম্বলিত প্রতিবেদন দাখিল করে। উক্ত প্রতিবেদনের ওপর গত ২৩-০৯-২০১৫ তারিখে স্টিয়ারিং কমিটির সভায় প্রকল্পের কলেবর বৃদ্ধি করে উৎপাদন বহুমুখিকরণ প্রকল্প গ্রহণের পূর্বে সম্ভাব্যতা যাচাইয়ের সিদ্ধান্ত হয়। সেমতে পরামর্শক প্রতিষ্ঠান গত ২৬-১০-২০১৫ তারিখে সম্ভাব্যতা যাচাই প্রতিবেদন দাখিল করেছে। সে অনুযায়ী ডিপিপি প্রণয়নের কাজ চলছে।<br>প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ : ফেব্রুয়ারি ২০১৪ হতে ডিসেম্বর ২০১৬<br>প্রকল্পের প্রাক্কলিত ব্যয় : ৭৩৪৬.৮১ লক্ষ টাকা ।<br>জুন ২০১৫ পর্যন্ত ব্যয়ের পরিমাণ: ৮৫.৭১ লক্ষ টাকা।<br>অগ্রগতির হার:<br>ক) আর্থিক: ৮৫.৭১ লক্ষ টাকা যা প্রকল্প ব্যয়ের ১.১৬%।<br>খ) বাস্তব: ৫.০০% | পুনর্গঠিত ডিপিপি অনুযায়ী ডিসেম্বর ২০১৬ | - | - |
| ১। | **(প্রকল্প বহির্ভূত)**<br>চিনি আমদানি:<br>বিএসএফআইসি বেসরকারি খাতের পাশাপাশি চিনি আমদানির কার্যক্রম গ্রহণ করবে এবং এ বিষয়ে অর্থ ও বাণিজ্য মন্ত্রণালয়ের সাথে সমন্বয় করে মাননীয় প্রধানমন্ত্রী বরাবরে শিল্প মন্ত্রণালয়ে সারসংক্ষেপ প্রেরণ করবে। | ১২-০৪-২০০৯ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী শিল্প মন্ত্রণালয়ের কার্যক্রম পর্যালোচনাকালে দিকনির্দেশনা প্রদান করেছেন। | বিএসএফআইসি | ২০১১-২০১২ সালে ২.০০ লক্ষ মে.টন চিনি আমদানির অনুমোদন পাওয়ার প্রেক্ষিতে পর্যায়ক্রমে ২৫০০০ মে.টন করে তিন কিস্তিতে তিনটি চুক্তির বিপরীতে মোট ৮০,৬০০ মে.টন চিনি আমদানি করা হয়েছে। পরবর্তীতে চিনি আমদানির জন্য আর কোন কার্যক্রম গ্রহণ করা হয় নাই। | - | - | - |
| ২। | **(প্রকল্প বহির্ভূত)**<br><u>শিল্প বর্জ্য পরিশোধন</u>:<br>পরিবেশ ও বন মন্ত্রণালয়ের সাথে আলোচনাপূর্বক প্রতিটি শিল্প কারখানায় বর্জ্য পরিশোধনের নিমিত্ত Effluent Treatment Plant স্থাপন করার বিষয়টি নিশ্চিত করতে হবে। ভবিষ্যতে একই ধরনের শিল্প এক একটি শিল্প পার্কে স্থানান্তর করে কেন্দ্রীয়ভাবে বর্জ্য পরিশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১২-০৪-২০০৯ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী শিল্প মন্ত্রণালয়ের কার্যক্রম পর্যালোচনাকালে দিকনির্দেশনা প্রদান করেছেন। | বিএসএফআইসি | • ১৫ টি চিনিকলের মধ্যে ২০১১ সালে নাটোর চিনিকলে স্থাপিত ইটিপি-টি যথাযথভাবে কার্যক্ষম না হওয়ায় পরিবর্তন ও সংশোধনের কাজ চলছে। এ ছাড়া জিওবি অর্থায়নে অন্য ১৪টি চিনিকলে ইটিপি স্থাপনের জন্য একটি প্রকল্প ২০১৫-২০১৬ এডিপিতে সবুজ পাতায় অন্তর্ভুক্ত রয়েছে। ইটিপি স্থাপনের সম্ভাব্যতা যাচাইয়ের জন্য বুয়েটকে পরামর্শক নিয়োগকল্পে মূল্যায়ন কমিটি কর্তৃক দাখিলকৃত 'ক্রয় প্রস্তাব' মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য প্রেরণ করা হয়। সংশ্লিষ্ট মন্ত্রণালয় ২০১৫-২০১৬ এডিপিতে অন্তর্ভুক্ত নতুন উন্নয়ন প্রকল্পের আওতায় প্রস্তাবিত সমীক্ষা সম্ভব নয় মর্মে গত ০২-০৯-২০১৫ তারিখের পত্রে জানায়। নির্দেশনা অনুযায়ী ডিপিপি প্রণয়ন প্রক্রিয়াধীন।<br>• ইটিপি স্থাপনের পূর্বে মধ্যবর্তী ব্যবস্থা হিসেবে চিনিকলসমূহের তরল বর্জ্য সংরক্ষণের জন্য মিল প্রাঙ্গণে ২টি করে লেগুন নির্মাণ সম্পন্ন হয়েছে। বর্তমানে তরল বর্জ্য লেগুনে সংরক্ষণ করা হচ্ছে বিধায় চিনিকল এলাকার বাহিরের পরিবেশ দূষিত হচ্ছে না। | প্রকল্প অনুমোদনের পর ২ বছরের মধ্যে বাস্তবায়িত হবে বলে আশা করা যায়। | - | - |

| ক্রমিক নম্বর | মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি / নির্দেশনা | প্রতিশ্রুতি / নির্দেশনা কত তারিখ কোন সভায় দিয়েছেন | প্রতিশ্রুতি / নির্দেশনা বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত সংস্থা | হার (%)সহ প্রতিশ্রুতি / নির্দেশনা বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা ও অগ্রগতি | সমাপ্তির সম্ভাব্য সময় | প্রতিশ্রুতি / নির্দেশনা বাস্তবায়নে কোন প্রতিবন্ধকতা/ সমস্যা যদি থাকে | সমাধানের সম্ভাব্য প্রস্তাব |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ৩। | **(প্রকল্প বহির্ভূত)**<br>আখচাষিদের স্বার্থ রক্ষায়:<br>আখ কাটার সাথে সাথে তা ক্রয় করতে হবে এবং দ্রুত মূল্য পরিশোধ করতে হবে এবং মিলগেটে অপেক্ষমানকাল যাতে কমানো যায় সে জন্য প্রযুক্তির ব্যবহার বিশেষ করে মোবাইল ফোনে জ্ঞাতকরণের বিষয়টি বিবেচনা করতে হবে। | ১২-০৪-২০০৯ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী শিল্প মন্ত্রণালয়ের কার্যক্রম পর্যালোচনাকালে দিকনির্দেশনা প্রদান করেছেন। | বিএসএফআইসি | • ক্রয়কৃত আখের মূল্য দ্রুত পরিশোধের নির্দেশনা (মিল ফান্ডে টাকা থাকা সাপেক্ষে) বাস্তবায়িত হচ্ছে।<br>• ২০১০-২০১১ মাড়াই মৌসুম হতে সকল আখচাষিকে পুর্জি বিতরণ সম্পর্কিত তথ্যাবলি অবগতকরণের জন্য তার নিজস্ব মোবাইল ফোনে এসএমএস প্রেরণ করা হচ্ছে। এ ছাড়া ২০১১-২০১২ মাড়াই মৌসুম হতে ইউনিয়ন তথ্য ও সেবা কেন্দ্র (UISC) বা ইন্টারনেট সুবিধা সংবলিত কম্পিউটার থেকে আখচাষিগণ অনলাইন পুর্জি সংগ্রহ করতে পারছেন। এ ছাড়া ২০১৪-২০১৫ মাড়াই মৌসুম হতে ফরিদপুর সুগার মিলে পরীক্ষামূলকভাবে চালু করা ই-গেজেট ও পুর্জি লিখন পদ্ধতি চলতি ২০১৫-২০১৬ মাড়াই মৌসুমে সকল মিলে বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। | - | - | - |
| ৪। | **(প্রকল্প বহির্ভূত)**<br>চিনিকলের অব্যবহৃত জমি:<br>দেশের ১৫টি সুগার মিলের জমির ইজারা বাতিল করে অব্যবহৃত জমি টেন্ডারের মাধ্যমে শুধুমাত্র আখচাষের উদ্দেশ্যে ইজারা/বরাদ্দ দিতে হবে। আখের সাথে সাথী ফসল ছাড়া সে সমস্ত জমিতে অন্য কোন ফসল চাষ করা যাবে না। | ১২-০৪-২০০৯ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী শিল্প মন্ত্রণালয়ের কার্যক্রম পর্যালোচনাকালে দিকনির্দেশনা প্রদান করেছেন। | বিএসএফআইসি | • সরকারি খাতে পরিচালিত ১৫টি চিনিকলের মধ্যে ঠাকুরগাও, সেতাবগঞ্জ, রংপুর, নর্থবেঙ্গল ও কেরু এন্ড কোং (বিডি) লি. এই পাঁচটি চিনিকলে বাণিজ্যিক খামার রয়েছে।<br>• কেরু এন্ড কোং ও নর্থবেঙ্গল চিনিকলে বাণিজ্যিক খামারের নিজস্ব তত্ত্বাবধানে আখচাষ করা হয়।<br>• ঠাকুরগাও ও সেতাবগঞ্জ চিনিকলের বাণিজ্যিক খামারের সীমিত জনবল ও লজিস্টিক সাপোর্ট অনুযায়ী প্রতি মৌসুমে নিজস্ব তত্ত্বাবধান ছাড়াও আংশিক জমিতে লীজের মাধ্যমে আখচাষ করা হয়।<br>• রংপুর চিনিকলের বাণিজ্যিক খামারে সীমিত জনবল ও লজিস্টিক সাপোর্টের মাধ্যমে নিজস্ব তত্ত্বাবধানে ২০১৫-২০১৬ রোপন মৌসুমে ৬৭৫ একর আখচাষের কর্মসূচি গ্রহণ করা হয়েছে। | - | উল্লেখযোগ্য কোন প্রতিবন্ধকতা আপাতত নেই। | - |
| ৫। | **(প্রকল্প বহির্ভূত)**<br>জেলাভিত্তিক প্রাকৃতিক সম্পদ এবং সম্ভাবনা চিহ্নিত করে ক্ষুদ্র ও মাঝারি শিল্প-কারখানা স্থাপনের উদ্যোগকে উৎসাহিত করতে হবে। যে কোন পরিকল্পনা গ্রহণে দীর্ঘমেয়াদি চাহিদা বিবেচনায় নিতে হবে। | ২৭-০৪-২০১৫ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী কয়েকটি জেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির সঙ্গে ভিডিও কনফারেন্সে নির্দেশনা প্রদান করেছেন। | বিএসএফআইসি | বিএসএফআইসি এর আওতায় ক্ষুদ্র ও মাঝারি শিল্প-কারখানা স্থাপনের কোন কর্মসূচী আপাতত নেই। ভবিষ্যতে কোন পরিকল্পনা গৃহীত হলে দীর্ঘমেয়াদি চাহিদা বিবেচনায় নেওয়া হবে। | - | - | - |

| ক্রমিক নম্বর | মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি / নির্দেশনা | প্রতিশ্রুতি / নির্দেশনা কত তারিখ কোন সভায় দিয়েছেন | প্রতিশ্রুতি / নির্দেশনা বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত সংস্থা | হার (%)সহ প্রতিশ্রুতি / নির্দেশনা বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা ও অগ্রগতি | সমাপ্তির সম্ভাব্য সময় | প্রতিশ্রুতি / নির্দেশনা বাস্তবায়নে কোন প্রতিবন্ধকতা/ সমস্যা যদি থাকে | সমাধানের সম্ভাব্য প্রস্তাব |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ৬। | **(প্রকল্প বহির্ভূত)**<br><br>ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তাদের উৎসাহিত করে মধুপুর এলাকায় উৎপাদিত আনারসের জন্য খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প গড়ে তুলতে হবে। এক্ষেত্রে প্রয়োজনে এস এম ই ফাউন্ডেশনের সহায়তা নেওয়া যেতে পারে। | ১১-০৫-২০১৫ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী কয়েকটি জেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির সঙ্গে ভিডিও কনফারেন্সে নির্দেশনা প্রদান করেছেন। | বিএসএফআইসি | বিএসএফআইসি এর আওতায় মধুপুর এলাকায় উৎপাদিত আনারসের জন্য খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প স্থাপনের কোন কর্মসূচী আপাতত নাই। | - | - | - |
| ৭। | অগ্রাধিকারের ভিত্তিতে প্রকল্প গ্রহণ করতে হবে। চলমান উন্নয়ন প্রকল্প নির্ধারিত সময়ের মধ্যে যথাযথভাবে সমাপ্ত করতে হবে। | ১১-০৫-২০১৫ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী কয়েকটি জেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির সঙ্গে ভিডিও কনফারেন্সে নির্দেশনা প্রদান করেছেন। | বিএসএফআইসি | বিএসএফআইসি এর আওতাধীন প্রকল্পসমূহ অগ্রাধিকারের ভিত্তিতে গ্রহণ করা হয়ে থাকে। চলমান উন্নয়ন প্রকল্পসমূহ নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করার পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। | - | - | - |
| ৮। | **(প্রকল্প বহির্ভূত)**<br><br>২০২১ সালের মধ্যে বাংলাদেশকে একটি মধ্যম আয়ের দেশে পরিণত করার লক্ষ্যে জনপ্রতিনিধি ও সরকারি কর্মকর্তাগণকে স্ব স্ব দায়িত্ব সঠিকভাবে পালন করতে হবে। | ১১-০৫-২০১৫ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী কয়েকটি জেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির সঙ্গে ভিডিও কনফারেন্সে নির্দেশনা প্রদান করেছেন। | বিএসএফআইসি | ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে একটি মধ্যম আয়ের দেশে পরিণত করার লক্ষ্যে বিএসএফআইসি এর সর্বস্তরের কর্মকর্তাগণকে স্ব স্ব দায়িত্ব সঠিকভাবে পালনের নির্দেশ দেওয়া হয়েছে। | - | - | - |



*